

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী  
দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়গুলোকে কাজ করতে হবে

ঢাকা, ০৬ মার্চ ২০১৯

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, উচ্চশিক্ষার চাহিদা পূরণের লক্ষ্যে সরকার অনেকগুলো বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ উচ্চশিক্ষা ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। দেশের শিল্প ও সেবা খাতের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব। এক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর বসুন্ধরায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ২২তম সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমি আশা করি, উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিত করতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো আইন অনুযায়ী তাদের কার্যক্রম পরিচালনা করবে। বিষয় বাছাই, শিক্ষাক্রম প্রণয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করবে। শুধুমাত্র ব্যবসায়িক দৃষ্টিভঙ্গি পরিহার করে সেবার মানসিকতা নিয়ে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে আন্তরিকতার সাথে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।

ডা. দীপু মনি বলেন, আমাদের সমাজে এখন সহিষ্ণুতার অভাব লক্ষ্য করি। পরমত সহিষ্ণুতার সংস্কৃতিকে ধারণ করার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। মাদক, জঙ্গি ও সন্ত্রাসমুক্ত একটি দেশ গড়তে কাজ করার জন্যও তিনি আহ্বান জানান।

তিনি আরো বলেন, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বৃহৎ একটি প্রতিষ্ঠান। ২০ হাজারের বেশি শিক্ষার্থী এই বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছে। তাদের অনেকেই দেশে-বিদেশে দক্ষতা ও সুনামের সাথে কাজ করছে। বর্তমানে এখানে প্রায় ২৫ হাজার শিক্ষার্থী উচ্চ শিক্ষা গ্রহণ করছে। আমি প্রত্যাশা করি, এ বিশ্ববিদ্যালয় উচ্চ শিক্ষা ক্ষেত্রে কাঙ্ক্ষিত মান ধরে রাখতে সক্ষম হবে এবং এনএসইউ গবেষণাক্ষেত্রেও গুরুত্ব দিবে।

অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন নোবেল বিজয়ী Sir Richard J. Roberts | অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ-এর সভাপতি এম এ হাশেম, উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম এবং ড. রিটা আর. হলওয়েল।

সমাবর্তনে ৩ হাজার ৪৮৭ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়। ১১জন কৃতি শিক্ষার্থীর হাতে স্বর্ণপদক তুলে দেন শিক্ষামন্ত্রী।

মোহাম্মদ আফরাজুর রহমান  
উপ-প্রধান তথ্য অফিসার  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯